উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
পত্র প্রাপ্তি নং ৭৮৪ তাং ......
নথি নং ০৭-০১৭ স্বাক্ষর ......

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
hsp.sedp@gmail.com

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/৩৯/২০২০/৩০২/১(৫১৭) তারিখ: ০৬.১০.২০২০ খ্রি.

**বিষয় : সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ এবং ১১শ শ্রেণির তালিকাভুক্ত শিক্ষার্থীর একাউন্ট খোলা এবং HSP MIS এ তথ্য অন্তর্ভুক্তি (এন্ট্রি) প্রসঙ্গে।**

সূত্র:
(১) স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/২৪০(৪৯২)/১(৫০০) ও তারিখ: ২১.০৭.২০২০খ্রি.
(২) স্মারক নং-এসইডিপি/এইচএসপি/উমাউ/৩৯/২০২০/২৩৭(৪৮২) ও তারিখ: ১৯.০৭.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ এবং ১১শ শ্রেণির নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইন ব্যাংক একাউন্ট/মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা এবং শিক্ষার্থীর তালিকা HSP MIS এ অন্তর্ভুক্তির বিষয়ে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

**ক) শিক্ষার্থীর একাউন্ট খোলার নিয়মাবলী:**

১। নির্বাচিত শিক্ষার্থী উপবৃত্তির অর্থ প্রাপ্তির লক্ষ্যে পছন্দের যে কোন অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট)/মোবাইল ব্যাংকিং একাউন্ট ব্যবহার করতে পারবে। অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট) ব্যবহারের ক্ষেত্রে স্কুল ব্যাংকিং নীতিমালা অনুসারে শিক্ষার্থী/শিক্ষার্থী ও অভিভাবকের যৌথনামে একাউন্ট খুলতে হবে।

২। উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে অনলাইন ব্যাংক একাউন্ট/মোবাইল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে এবং উক্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের নামে একাউন্ট খোলা যাবে।

৩। ইতোপূর্বে পিতা/মাতার নামে জাতীয় পরিচয়পত্র দিয়ে কোন বৈধ ও সচল মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা থাকলে নতুন করে একাউন্ট খোলার প্রয়োজন নেই। উক্ত একাউন্ট শিক্ষার্থীর উপবৃত্তি প্রাপ্তির জন্য ব্যবহার করা যাবে। তবে একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নাম লিখতে হবে।

৪। একই পিতা/মাতার একাধিক (২/৩জন) সন্তান উপবৃত্তিযোগ্য হলে সেক্ষেত্রে পিতার জাতীয় পরিচয়পত্র, মাতার জাতীয় পরিচয়পত্র দিয়ে পৃথক একাউন্ট খুলতে হবে। এছাড়া নির্বাচিত শিক্ষার্থীর পিতা/মাতার একই জাতীয় পরিচয়পত্র দিয়ে ভিন্ন ভিন্ন মোবাইল সার্ভিস প্রোভাইডার (বিকাশ/রকেট/শিওরক্যাশ/নগদ ইত্যাদি) এর একাউন্ট খোলা যাবে এবং ভিন্ন ভিন্ন ব্যাংকে অনলাইন ব্যাংক একাউন্ট খুলে ব্যবহার করা যাবে।

৫। HSP MIS এ প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বর এবং সংশ্লিষ্ট একাউন্টের জাতীয় পরিচয়পত্রের নম্বর একই হতে হবে। ভিন্ন জাতীয় পরিচয়পত্রের নাম্বার হলে উপবৃত্তির জন্য বাতিল বলে গন্য হবে।

**খ) HSP MIS এ তথ্য এন্ট্রিকরণ পদ্ধতি:**

১। কর্মসূচির আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে ২০২০ সালে ৬ষ্ঠ এবং ২০১৯-২০ শিক্ষাবর্ষের ১১শ শ্রেণির উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য HSP MIS এর অনলাইন সফটওয়্যার লিংকে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ০৮/১০/২০২০ তারিখ থেকে ০৭/১১/২০২০ তারিখে মধ্যে এন্ট্রি করতে হবে। **এন্ট্রির শেষ তারিখ পর্যন্ত অপেক্ষা না করে প্রথম থেকেই এন্ট্রি কার্যক্রম শুরু করতে হবে। নতুবা শেষ পর্যায়ে সার্ভারে অতিরিক্ত চাপের ফলে কাজে বিঘ্ন সৃষ্টি হতে পারে।**

২। নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ৯ম শ্রেণিতে ভর্তি হলে কেবলমাত্র উক্ত শিক্ষার্থীর তথ্য HSP MIS এ এন্ট্রি করতে হবে।

**৩। শিক্ষার্থীর ইউআইডি (UID) নম্বর হিসাবে সংশ্লিষ্ট শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর ব্যবহার করতে হবে।**

৪। HSP MIS এ শিক্ষার্থীর সঠিক তথ্য এন্ট্রিপূর্বক শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের নাম এবং জাতীয় পরিচয়পত্র নম্বর এন্ট্রি করতে হবে।

৫। সূত্রোক্ত স্মারক পত্রের নীতিমালা অনুযায়ী সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতাবহির্ভূত কোন শিক্ষা প্রতিষ্ঠানকে User ID ও Password প্রদান করা যাবে না এবং উক্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের তথ্য HSP MIS এ অনুমোদন করা যাবে না। বিষয়টি সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নিশ্চিত করবেন।

৬। HSP MIS এ উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীর তথ্য আপলোড করার জন্য http://103.48.16.248:8080/HSP-MIS/login লিংকে প্রবেশ করতে হবে। এছাড়াও বর্ণিত লিংকটি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইটে (http://www.pmeat.gov.bd) পাওয়া যাবে। ইতোপূর্বে প্রেরিত User ID এবং Password ব্যবহার করে লগ ইন করতে হবে। লগ ইন করার পর হারমোনাইজড স্টাইপেন্ড প্রোগ্রাম এ প্রবেশ করে ড্যাশবোর্ড অনুসরণ করে শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি করে সংরক্ষণ করতে হবে। তথ্য এন্ট্রির নিয়মাবলী HSP MIS এ উল্লেখ রয়েছে এবং নিম্নে উল্লিখিত ফেসবুক পেইজে ভিডিও টিউটোরিয়াল আপলোড রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক তথ্য এন্ট্রি সম্পন্ন হলে তথ্যাদি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অনলাইনে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট ০৭/১১/২০২০ তারিখের মধ্যে প্রেরণ করবেন। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনলাইনে তথ্যসমূহ যাচাই করবেন। তথ্যে কোন অসঙ্গতি পেলে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সংশোধিত তালিকা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনুমোদন করে আগামী ১৫/১১/২০২০ তারিখের মধ্যে কর্মসূচির কেন্দ্রীয় কার্যালয়ে অনলাইনে প্রেরণ করবেন। কর্মসূচিভুক্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানের নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি বাদ না পড়ে সে বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৭। শিক্ষা প্রতিষ্ঠানের টিউশন ফি'র অর্থ EFT এর মাধ্যমে প্রাপ্তির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের নামে খোলা অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট) নম্বর HSP MIS এ এন্ট্রি করতে হবে। উল্লেখ্য উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের নিকট হতে কোন টিউশন ফি আদায় করা যাবে না।

৮। উপবৃত্তিযোগ্য সকল শিক্ষার্থীর তথ্য নিশ্চিত হয়ে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান HSP MIS এ এন্ট্রি করবেন। কোন অযোগ্য শিক্ষার্থীর একাউন্ট খোলা হলে অথবা যোগ্য শিক্ষার্থীর একাউন্ট নম্বরের পরিবর্তে অন্য একাউন্ট নম্বর এন্ট্রি করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানপ্রধান দায়ী থাকবেন এবং উক্ত অসত্য একাউন্ট নম্বরে উপবৃত্তির অর্থ বিতরণ হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান User ID এবং Password এর গোপনীয়তা বজায় রেখে যথাযথভাবে সংরক্ষণ করবে।

১০। বিশেষ প্রয়োজনে সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাদের সাথে নিম্নলিখিত নম্বরে অফিস চলাকালীন (৯টা-৫টা) যোগাযোগ করা যেতে পারে।

| ক্রমিক নং | মোবাইল/টেলিফোন | সংশ্লিষ্ট শাখা |
|---|---|---|
| ০১ | ০১৭৭৮-৯৫৮৩৫৬ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক |
| ০২ | ০১৭৭৮-৯৬৪১৫৬ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক |
| ০৩ | ০১৬৮৭-৯৯৭৫২৯ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক |
| ০৪ | ০১৫১৫-২৪৬০১০ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক |
| ০৫ | ০১৮২৫-৬১২৮৫৭ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক |
| ০৬ | ০২-৯৫৫০৫৫২ | মাধ্যমিক |
| ০৭ | ০২-৯৫৭৫৬৬২ | মাধ্যমিক |
| ০৮ | ০২-৯৫৬৩১৪১ | উচ্চ মাধ্যমিক |
| ০৯ | ০২-৯৫৬৫৯৫৯ | মাধ্যমিক |
| ১০ | ০২-৯৫৮৮৬৫৪ | উচ্চ মাধ্যমিক |
| ১১ | ০২-৯৫৭৩৬৬৭ | মাধ্যমিক |

গ) প্রশিক্ষণ ও অন্যান্য তথ্যের জন্য নিম্নলিখিত ফেসবুক পেইজ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

১। www.facebook.com/pmeat.gov.bd

২। www.facebook.com/groups/spbmu

ঘ) উপবৃত্তির সম্পর্কিত যে কোন তথ্যের জন্য মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান hsp.sstipend@gmail.com ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান hs.stipend@gmail.com মেইলে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণকে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

০৬/১০/2020

(শরীফ মোর্তজা মামুন)
স্কিম পরিচালক
ফোন : ৯৫৬৩৪১২।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/৩৯/২০২০/৩০২/১(৫১৭) তারিখ: ০৬.১০.২০২০ খ্রি.

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬। নির্বাহী পরিচালক, SPFMSP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা........................... জেলা............................।
৮। জেলা শিক্ষা অফিসার, জেলা....................................।
৯। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান,..........................................................................................।
১০। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএসসেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মাউশির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০। সংরক্ষণ নথি।

০৬/১০/2020

(মোঃ তৌফিক এরফান)
গবেষণা কর্মকর্তা (প্রশাসন)
ফোন : ০২-৯৫৬৫৯৫৯

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়**
**সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ**

**স্মারক নং- ৩৭.০২.৯০৮৯.০০০.০৭.০১৭.১৯- ২৩৪** **তারিখঃ-০৭ অক্টোবর ২০২০ খ্রি.**

**অনুলিপি প্রেরণ করা হলোঃ-**

**১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার..................................................................। তাঁকে পত্রের মর্মানুসারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।**
**২। সংরক্ষণ নথি।**

০৭/১০/২০২০

**(অশোক রঞ্জন পুরকায়স্থ)**
**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার**
**সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ**

HSP File 9